

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১৬, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
প্রবিধি অনুবিভাগ  
প্রবিধি-১ অধিশাখা

পরিপত্র

তারিখ : ০৫ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ/১৯ মার্চ ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয় : “সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০” এর ৪.০৯ নং অনুচ্ছেদ অনুযায়ী  
অবসরপ্রাপ্ত কর্মচারীর নিজের এবং তার মৃত্যুর পর তার পরিবারের পারিবারিক পেনশন প্রাপ্তির  
আবেদনে সংশোধিত পেনশন আবেদন ফরম, সনদ ও কাগজপত্রাদি ব্যবহার সংক্রান্ত।

নং ০৭.০০.০০০০.১৭১.১৩.০০২.১৮-২৫—“সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০”  
এর ৪.০৯ নং অনুচ্ছেদ অনুযায়ী অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীর নিজের এবং তার মৃত্যুর পর তার পরিবারের  
পারিবারিক পেনশন প্রাপ্তির আবেদনের নিমিত্তে নিম্নবর্ণিত পেনশন আবেদন ফরম, সনদ ও কাগজপত্রাদি  
সংশোধিত আকারে প্রণয়ন করা হয়েছে :

- প্রত্যাশিত শেষ বেতনপত্র (ইএলপিসি) (সংযোজনী-১)
- প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকারী ঘোষণাপত্র (সংযোজনী-২)
- উত্তরাধিকার সনদপত্র ও নন-ম্যারিজ সার্টিফিকেট (সংযোজনী-৩)
- পেনশন ফরম ২.১ (সংযোজনী-৪)
- পারিবারিক পেনশন ফরম ২.২ (সংযোজনী-৫)
- নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ (সংযোজনী-৬)
- আনুতোষিক ও অবসর ভাতা উত্তোলন করিবার জন্য ক্ষমতা অর্পণ ও অভিভাবক মনোনয়নের  
প্রত্যয়নপত্র (সংযোজনী-৭)
- না-দাবি প্রত্যয়নপত্র (সংযোজনী-৮)

২। বর্তমানে এ সকল ফরম, সনদ ও কাগজপত্রাদির মুদ্রণ প্রক্রিয়াধীন রয়েছে। এ সকল ফরম, সনদ ও  
কাগজপত্রাদি অর্থ বিভাগের [www.mof.gov.bd](http://www.mof.gov.bd) নং ওয়েবসাইট হতে download করেও ব্যবহার  
করা যাবে।

৩। এমতাবস্থায়, “সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০”-এ সংযোজিত উল্লিখিত ফরম,  
সনদ ও কাগজপত্রাদি পেনশন আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে ব্যবহার করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

ড. মোঃ নজরুল ইসলাম  
যুগ্মসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

( ৭৩৯৩ )

মূল্য : টাকা ৪.০০